

২০২৩

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-10

(বাংলা কবিতা)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$ 

- ক) 'জীবনদেবতা'কে কবি আর কী কী নামে সম্বোধন করেছেন?
- খ) 'ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত' — কোন্ কবিতার পংক্তি? এখানে কে ভারতকে কোন্ স্বর্গে জাগরিত করার জন্য বলেছেন?
- গ) 'কালাপাহাড়' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কালাপাহাড় ঐতিহাসিক চরিত্র হিসেবে কার সেনাপতি ছিলেন?
- ঘ) স্বাধীনতা পাওয়ার জন্য যে কৃষক, মাঝি, রিকশাওয়ালা স্বপ্ন দেখেছিল, তাদের নাম কী কী ছিল?

(পরের পাতায়)

- ঙ) 'সুচেতনা' কবিতাটি জীবনানন্দ দাশের কোন্ কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে? সুচেতনা কোথায় আলো জ্বালাবে বলে কবি মনে করেন?
- চ) 'একলা হয়ে দাঁড়িয়ে আছি  
তোমার জন্যে গলির কোণে' —  
কোন্ কবিতার পংক্তি? কেন তিনি গলির মোড়ে দাঁড়িয়ে আছেন?
- ছ) নবনীতা দেবসেন পৃথিবীকে কেমন হতে বলেছেন?
- জ) সংসারে সন্ন্যাসী লোকটার শরীরে কোন্ অস্ত্রের আঘাত পড়েছিল?
- ঝ) 'সেই নারী' কবিতা অনুসারে বুকুর মুঠোয় সারারাত কী ফোটে?
- ঞ) জলপাই রঙের ট্যাঙ্কে কবি দানব বলেছেন কেন?
- ট) 'আমার কেফিয়ত' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? এই কবিতায় 'ভায়োলেন্সের ভায়োলিন' বলতে কী বোঝানো হয়েছে?
- ঠ) 'ঐকতান' কবিতাটি কাব্যের কত সংখ্যক কবিতা? কাব্যের প্রকাশকাল লেখো।
- ড) 'আমার কেফিয়ৎ' কবিতায় ব্যবহৃত দুটি আরবি-ফারসি শব্দের উল্লেখ করো।
- ঢ) 'দেবী' কবিতায় ভিথিরি বালক কী করে?

৭) সত্যেন্দ্রনাথ দত্ত-র চারটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

ক) 'বন্যার গ্রাসে শত শত দুর্গতরা

এসো দেবী এসো বন্যাভ্রাণের শিবিরে' — দেবীকে কবি  
কীরূপে মর্ত্যে আগমনের জন্য প্রার্থনা করেছেন?

খ) 'মৌ- লোভী যত মৌলবী আর 'মোল-লা'রা কন হাত  
নেড়ে, দেব-দেবী নাম মুখে আনে, সবে দাও পাজিটার  
জাত মেরে!' — তাৎপর্য ব্যাখ্যা করো।

গ) 'আর কতবার ভাসতে হবে রক্তগঙ্গায়?

আর কতবার দেখতে হবে খাণ্ডবদাহন?

— 'খাণ্ডবদাহন' বলতে কোন্ পৌরাণিক প্রসঙ্গের  
ইঙ্গিত দেওয়া হয়েছে? কবি এখানে কোন্ রাজনৈতিক  
আন্দোলনের প্রেক্ষাপট তাৎপর্যপূর্ণ করে তুলেছেন ব্যাখ্যা  
করো।

ঘ) সংসারে সন্ন্যাসী লোকটা ঠিক কেমন বলে তোমার মনে  
হয়? — কবিতাটি আলোচনা করে বুঝিয়ে দাও।

ঙ) 'ভারততীর্থ' কবিতার মূল সুর কী? এই কবিতায়  
'মহামানবের সাগরতীরে' বলতে কী বুঝিয়েছেন?

চ) 'দুঃখবাদী' কবিতায় দুঃখবাদ সম্পর্কিত কবির মতামত  
বর্ণনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) সর্বগ্রাসী বিজ্ঞাপনের পণ্য শাসন মানুষের জীবনকে করে তুলেছে দুর্বিষহ — ‘মুখ ঢেকে যায় বিজ্ঞাপন’ কবিতায় তার বাস্তব প্রতিফলন ফুটে উঠেছে — আলোচনা করো।
- খ) ‘পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন।  
মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।’ — ‘গভীরতর অসুখ’ বলতে কবি কী বুঝিয়েছেন? এই ‘গভীরতর অসুখ’ থেকে পরিত্রাণের কোন্ সদর্থক জীবনভাবনা কবি দিয়েছেন - আলোচনা করো।
- গ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় কবি কৈফিয়তের আদলে নিজের চারিত্রিক বিশেষত্বকেই তুলে ধরেছেন—ব্যাখ্যা করো।
- ঘ) ‘ঐকতান’ কবিতাটিতে কবির আত্মসমীক্ষার যে সুর ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।
-